**বাংলাদেশ চা বোর্ড**
প্রধান কার্যালয়
১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম

স্মারক নং-২৬.০৯.০০০০.১০১.১১.০০৪.১৮-৬৪২

তারিখ: ১৩ আগষ্ট ২০১৮ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়ের ০১ আগষ্ট ২০১৮ তারিখের ২৬.০০.০০০০.০৯০.১১.০৪১.১১(অংশ-১)-২৬১ নং ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ চা বোর্ড এবং বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) ও প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, কর্মস্থল ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | নিয়োগের ন্যুনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | টি মেকার এন্ড স্যাম্পলার<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১২,৫০০-৩০,২৩০ (গ্রেড: ১১) | ০১ (এক)টি | স্নাতক ডিগ্রী। চা প্রস্তুত ও নমুনা করণে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | ফার্মাসিষ্ট<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড: ১৪) | ০১ (এক)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান অথবা বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে সার্টিফিকেটধারী হতে হবে। |
| ০৩ | মাঠ সহকারী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড: ১৪) | ০১ (এক)টি | ২ বছরের কৃষি ডিপ্লোমাধারী। |
| ০৪ | সার্ভেয়ার<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড: ১৪) | ০২ (দুই)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশ ও তৎসহ সাভে ফাইনাল পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড: ১৬) | ০৫ (পাঁচ)টি | বাংলা ও ইংরেজী শব্দ টাইপিং এ যথাক্রমে ১৫ ও ২০ গতি সম্পন্ন (প্রতি মিনিটে) এবং এইচ এস সি পাশ হতে হবে। |
| ০৬ | হিসাব সহকারী<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড: ১৬) | ০৩ (তিন)টি | স্নাতক ডিগ্রী অথবা ২য় বিভাগে উচচ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ। সুন্দর হস্তাক্ষরের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৭ | কার্য সহকারী<br>পিডিইউ, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড: ১৬) | ০১ (এক)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ২য় বিভাগে পাশসহ সরকার অনুমোদিত টেকনিক্যাল ইনষ্টিটিউট থেকে সিভিল ড্রাফটম্যানসীপ সার্টিফিকেটধারী হতে হবে। |
| ০৮ | গাড়ীচালক<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড:১৬) | ০৩ (তিন)টি | সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে ভারী/মধ্যম/হালকা ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত। কোন সরকারী অথবা স্বায়ত্ব শাসিত অথবা প্রতিষ্ঠিত বাণিজ্যিক প্রতিষ্ঠানে ড্রাইভিং কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৯ | ইলেকট্রিশিয়ান<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড:১৬) | ০২ (দুই)টি | সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে 'বি'' ক্লাস লাইসেন্স প্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০ | অফিস সহায়ক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০৩ (তিন)টি | ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং সেই সাথে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১১ | নিরাপত্তা প্রহরী<br>বিটিআরআই, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার<br>বেতন স্কেল: ৮২৫০-২০০১০ (গ্রেড:২০) | ০২ (দুই)টি | ৮ম শ্রেণী ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সামরিক বাহিনীর অবসর প্রাপ্ত সিপাই পদের কর্মচারীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলীঃ**

০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট: www.teaboard.gov.bd-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরৎযোগ্য নয়।

০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই ক) চাকরির প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫×৫ সে. মি. সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে); এবং খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ১-১১ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ১-১১ ক্রমিকের পদসমূহের জন্য নরসিংদী, ফরিদপুর রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, দিনাজপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, বাগেরহাট, ঝিনাইদহ, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা জেলা ব্যতিত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৫। ০১-১১ নং ক্রমিকে উল্লেখিত পদে প্রার্থীদের বয়স ১৩ আগষ্ট ২০১৮ তারিখে অনুর্ধ ৩০ বছর হতে হবে তবে মহিলা, মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ গোষ্ঠী প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বোচ্চ বয়স সীমা প্রযোজ্য হবে।

F:\Silver Spoon\Man Power\Recruitment\2018\Part-4\job advertisment.docx

০৬। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৭। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

০৮। মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

০৯। চাকরির আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২১০, এই ঠিকানায় আগামী ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।

১১। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম খামের উপরে লিখতে হবে।

১২। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৫। আবেদনকারীর নাম ও আবেদন পত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০"×৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৬। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড
এর পক্ষে সচিব

F:\Silver Spoon\Man Power\Recruitment\2018\Part-4\job advertisment.docx